# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/০৯

তারিখঃ ২ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৫১ তম কমিশন সভা অদ্য ১৭/০৭/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. এস.এস. স্টীল লিঃ এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ২.৫০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২৫.০০ (পঁচিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি ও কলকজা (Plant & Machineries) ক্রয় ও স্থাপন, ভবন নির্মান এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation) টাকা ১২.০০ ও পুনঃমূল্যায়ন সহ নীট সম্পদ মূল্য (NAV with revaluation) টাকা ১৫.৩৫ এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ১.২০। ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা ০.৮২। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে রয়েছে সিটিজেন সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ।

২. কমিশনে আল আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ এর ৫০০ কোটি টাকার Non-convertible Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ (সাত) বছর। এই বন্ডের বৈশিষ্ঠ্য হচ্ছে Non-convertible, Fully Redeemable, Floating Rate, Unsecured, Unlisted Subordinated Bond। বন্ডটি ৭ (সাত) বছরে Full Redemption হবে যা বিভিন্ন ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ, আর্থিক প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে আল আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ Tier-II Capital Base এর শর্ত পূরণ করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫ (পাঁচ) লক্ষ টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ এবং প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্ট লিঃ কাজ করছে।

৩. ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (ICB) এর ২ (দুই) হাজার কোটি টাকার Non-convertible Fixed Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ (সাত) বছর। এই বন্ডের বৈশিষ্ঠ্য হচ্ছে Non-convertible, Fully Redeemable, Fixed Rate, Unsecured, Unlisted Subordinated Bond। বন্ডটি ৭ (সাত) বছরে Full Redemption হবে যা বিভিন্ন ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ, আর্থিক প্রতিষ্ঠান, করপোরেট হাউস এবং উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (ICB) মূখ্যত যে সব ক্ষেত্রে উক্ত অর্থ ব্যবহার করবে, তা হ'লঃ (i) প্রাইমারি ও সেকেন্ডারি বাজারে বিনিয়োগ পরিকল্পনায় বাজার সৃষ্টিকারী হিসেবে অগ্রনী ভূমিকা পালন; (ii) এনআরবি মিউচ্যুয়াল ফান্ড ও এনআরবি ইন্ডাষ্ট্রিয়াল ফান্ড এর উদ্যোক্তা হিসেবে বিনিয়োগ; (iii) অবকাঠামোগত উন্নয়ন ও সরকারের প্রাধিকারভুক্ত খাত (thrust sector)-এ বিনিয়োগ; এবং (iv) পিপিপি প্রকল্পে বিনিয়োগ। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এবং আলফা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ ও রুটস্ ইনভেস্টমেন্ট লিঃ কাজ করছে।

৪. কমিশন অদ্যকার সভায় বে-মেয়াদি 'EDGE Bangladesh Mutual Fund'-এর প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'এজ্ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী' ১ (এক) কোটি টাকা প্রদান

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


করবে এবং বাকি ৯ (নয়) কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক,ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'এজ্ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড', 'সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড' এবং 'ব্র্যাক ব্যাংক লিমিটেড'।

৫. সাদ সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং-১১৮) এ কমিশনের তদন্ত দল পরিচালিত তদন্তের প্রেক্ষিতে দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, সাদ সিকিউরিটিজ লিঃ, গ্রাহককে "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে নগদ হিসাবে (Cash Account) মার্জিন সুবিধা প্রদান করার মাধ্যমে মার্জিন Rules, 1999 এর Rule 3 এর Sub Rule 1 and 2 লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন সাদ সিকিউরিটিজ লিঃ -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. সালতা ক্যাপিটাল লিঃ (ডিএসই ট্রেক নং-৯৫, সিএসই ট্রেক-০২২) এ কমিশনের তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, সালতা ক্যাপিটাল লিঃ, গ্রাহকদের "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে এ্যাডজাস্টমেন্ট সুবিধা প্রদান করে কমিশনের আদেশ নং-SEC/SRMID/94-231/1640 Dated January 31, 2008 লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন সালতা ক্যাপিটাল লিঃ -কে সতর্ক (Warning) করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২৭/০৭/২০১৫

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।